

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৯৮

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ মহান আল্লাহ যাকে দুনিয়াতে মৃগী রোগ দিয়ে পরীক্ষা করেন, অতঃপর সেই ব্যক্তি তাতে ধৈর্য ধারণ করে, তবে আল্লাহ অনুগ্রহ করে পরকালে তার থেকে হিসাব উঠিয়ে নেন

ذِكْرُ تَفْضُلِ اللَّهِ عَلَى مَنِ امْتَحَنَهُ بِاللَّمَمِ فِي الدُّنْيَا بِرَفْعِ الْحِسَابِ عَنْهُ فِي الْعَقْبَى إِذَا صَبَرَ عَلَى ذَلِكَ

আরবী

2898 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدَةُ وَمُحَمَّدُ بْنُ عُمْرِهِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَتِ وَمُحَمَّدُ بْنُ عُبَيْدٍ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍهِ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَتِ امْرَأَةٌ إِلَى رَسُولِ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ امْرَأَةٌ إِلَى رَسُولِ اللَّهِ ادْعُ اللَّهَ أَنْ يَشْفِينِي قَالَ: (إِنْ شَئتِ دَعَوْتُ اللَّهَ لَكِ فَشَفَاكَ وَإِنْ شِئتِ فَاصْبِرِي وَلَا حِسَابَ عَلَيْكِ) يَشْفِينِي قَالَ: (إِنْ شَئتِ دَعَوْتُ اللَّهَ لَكِ فَشَفَاكَ وَإِنْ شِئتِ فَاصْبِرِي وَلَا حِسَابَ عَلَيْكِ) فَقَالَتْ: بَلْ أَصْبُرُ ولا حساب على .

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2898 | خلاصة حكم المحدث: حسن صحيح ـ ((الصحيحة)) (كالمعدث)، ((التعليق الرغيب)) (4/ 149).

বাংলা

২৮৯৮. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক মহিলা মৃগী রোগী রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এসে বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আপনি আমার জন্য দু'আ করুন, যেন তিনি আমাকে নিরাময় দান করেন। "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি চাইলে আমি তোমার জন্য দু'আ করবো, অতঃপর তিনি তোমাকে নিরাময় দান করবেন আর চাইলে ধৈর্য ধারণ করবে, তাহলে তোমার কোন হিসাব হবে না!"[1]

তখন সেই মহিলা বললেন, "তবে আমি ধৈর্য ধারণ করবো। তাহলে আমার কোন হিসাব হবে না!"



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৪৪১; বাগাবী: ১৪২৪; বাযযার: ৭৭২; হাকিম: ৪/২১৮; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ২/৩০৭।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহাহ: ২৫০২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন